

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন  
প্রথম ১২ তলা সরকারি অফিস ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www.btc.gov.bd](http://www.btc.gov.bd)



নং-২৬.০১.০০০০.০১৫.১৭.০০১.১১-৯৩৫

তারিখ : ২২ কার্তিক ১৪২৮  
০৭ নভেম্বর ২০২১

## প্রেস রিলিজ

### বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনে নতুন চেয়ারম্যানের যোগদান

জনাব মোঃ আফজাল হোসেন(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব)বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের চেয়ারম্যান পদে ০৪ নভেম্বর ২০২১ তারিখ অপরাহ্নে যোগদান করেন। এর আগে তিনি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব পদে কর্মরত ছিলেন।

জনাব মোঃ আফজাল হোসেন ১৯৬৩ সালে মানিকগঞ্জ জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগ থেকে ১৯৮৪ সালে স্নাতক (সম্মান) এবং ১৯৮৫ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৯১ সালে ৯ম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২৬ জানুয়ারি ১৯৯১ তারিখে কর বিভাগ সহকারী কর কমিশনার হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন এবং ১৯৯১ সাল হতে ২০০৯ সাল পর্যন্ত দীর্ঘ ১৮ বছর কর বিভাগের বিভিন্ন কর অঞ্চল,জাতীয় রাজস্ব বোর্ড, ট্যাক্স ইন্টেলিজেন্স সেল এর গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। অতঃপর ২০০৯ সালে অতিরিক্ত কর কমিশনার পদে চাকুরিরত অবস্থায় পুল সার্ভিসের মাধ্যমে তিনি উপ সচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন এবং অর্থ বিভাগে যোগদান করেন। পরবর্তীতে তিনি বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে যথাক্রমে পরিচালক, উপ-সচিব, যুগ্ম সচিব এবং অতিরিক্ত সচিব হিসেবে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি ২০২০ সালের ০৪ অক্টোবর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব পদে পদোন্নতি লাভ করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব পদে যোগদান করেন। উক্ত বিভাগে ০৪ নভেম্বর ২০২১ পর্যন্ত দায়িত্ব পালন শেষে একই তারিখে তিনি বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের চেয়ারম্যান পদে যোগদান করেন।



যোগদান উপলক্ষে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান জনাব মোঃ আফজাল হোসেনকে কমিশনের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

স্বাক্ষরিত/-

০৭/১১/২০২১

(এইচ.এম. শরিফুল ইসলাম)

পাবলিক রিলেশন এন্ড পাবলিকেশন অফিসার  
ফোন: ৮৩১৬১০৪, মোবাইল: ০১৭২৪৮৯৪০৩৬  
Email: prandpo@btc.gov.bd